

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 12.12.2024**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

- ১) ভারতে এক দেশ, এক নির্বাচন কার্যকর হলে দেশের মোট অভ্যন্তরীন উৎপাদন ১ দশমিক ৫ শতাংশ বাড়বে বলে প্রাক্তন রাষ্ট্রপতি এবং এ সংক্রান্ত কমিটির প্রধান রামনাথ কোবিন্দ মত প্রকাশ করেছেন।  
কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ এক দেশ এক নির্বাচন বিলে ছাড়পত্র দিয়েছে।
- ২) স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনে এবারের প্রতিযোগিতার বিজয়ীর নাম আজ রাতে ঘোষণা করা হবে।
- ৩) বিভিন্ন প্রকল্পে উপভোক্তাদের অ্যাকাউন্টে সরাসরি সুবিধা হস্তান্তরের বিষয়টি সুরক্ষিত রাখতে রাজ্য অর্থ দফতর ১৬ দফা নির্দেশিকা জারি করেছে।
- ৪) বিনা বাধায় উত্তরে হাওয়া প্রবেশ করায়, রাজ্যে তাপমাত্রার পারদ নিম্নমুখী।  
কলকাতায় আজ মরসুমের শীতলতম দিন।
- ৫) বাংলা মহিলাদের অনূর্ধ্ব ১৫ একদিনের ক্রিকেটে সেমিফাইনালে উঠেছে।
- ৬) যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ওড়িশা এফসির মুখোমুখি হয়েছে।

প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ বলেছেন, ভারতের মোট অভ্যন্তরীন উৎপাদন ১ থেকে ১ দশমিক ৫ শতাংশ বৃদ্ধি করার ক্ষমতা এক দেশ, এক নির্বাচনের রয়েছে। 'এক দেশ, এক নির্বাচন' এর পক্ষে জোরালো সওয়াল করে শ্রী কোবিন্দ বলেন, এই সিদ্ধান্ত দেশের জন্য গুরুত্বপূর্ণ।

### বাইট রামনাথ

উল্লেখ্য, সংবাদ সংস্থা হিন্দুস্তান সমাচার সূত্রে খবর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ এক দেশ এক নির্বাচন সংক্রান্ত বিল অনুমোদন করেছে। সংসদের শীতকালীন অধিবেশনেই এই সংক্রান্ত বিল পেশ করতে পারে কেন্দ্র। এই ব্যবস্থা কতটা বাস্তবসম্মত হবে, তা খতিয়ে দেখতে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। গত মার্চে ঐ কমিটি এ সংক্রান্ত একটি রিপোর্ট রাষ্ট্রপতির কাছে জমা দিয়েছে। রিপোর্টে এক দেশ এক নির্বাচনের পক্ষে সায় দেওয়া হয়েছে।

তৃণমূল কংগ্রেস নেতৃী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক দেশ, এক নির্বাচন ব্যবস্থাকে অসংবিধানিক বলে মন্তব্য করেছেন। এই ব্যবস্থা চালু করার উদ্যোগ নেওয়ায় তিনি কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেন। নিজের এক্স হ্যান্ডেল মারফত মুখ্যমন্ত্রী জানান, কেন্দ্রীয় মন্ত্রিসভা বিশেষজ্ঞ এবং বিরোধী নেতাদের ঘৃত্তিগ্রাহ্য উদ্বেগকে সম্পূর্ণ উপেক্ষা করে এক দেশ এক নির্বাচন ব্যবস্থা চালু করতে চাইছে। তৃণমূল কংগ্রেস এই সিদ্ধান্তের সর্বান্বক বিরোধিতা করবে।

এদিকে, কেন্দ্রীয় সরকার এক দেশ এক নির্বাচন নীতি কার্যকর করার পথে হাঁটলেও তা সাংবিধানিক বৈধতা পাবে কিনা, সেই বিষয় প্রশ্ন তুলেছেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়।

## বাইট বিমান

অন্যদিকে এই ব্যবস্থাপনার বিরোধিতা করে সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী  
বলেছেন, মানুষের আস্তা-অনাস্তকে মাথায় রেখেই দেশে ৫ বছর অন্তর ভোট হয়। নতুন  
ব্যবস্থা চালু হলে গণতান্ত্রিক প্রক্রিয়া থেকে দেশ সরে আসবে বলে মন্তব্য করেন তিনি।

---

‘স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন-২০২৪’-এর গ্রান্ট ফিনালের সফটওয়্যারে এডিশনের আজ  
দ্বিতীয় দিন। মোট ৩৫ টি টিম এখানে অংশগ্রহণ করছে। ৩৬ ঘন্টা ধরে চলা এই  
প্রতিযোগিতায় নিজ নিজ টিমকে দেওয়া সমস্যার সমাধান খুঁজেছেন প্রতিযোগীরা।  
অংশগ্রহণকারীদের গভীর নিষ্ঠা ও মনোযোগের মাধ্যমে উঠে আসবে দৈনন্দিন জীবনে  
নানা সমস্যা সমাধানের ধারণা। আজ রাত ৯টায় কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডষ্টের সুকান্ত  
মজুমদার ভার্চুয়ালি উপস্থিত থেকে হ্যাকাথন-এর ফলাফল ঘোষণা করবেন। গতকাল এর  
সূচনা করেন শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান।

এরাজ্য আইআইটি খড়গপুর নোডাল কেন্দ্র হিসেবে রয়েছে। আইআইটি  
খড়গপুরের অধিকর্তা ডষ্টের ভি কে তিওয়ারি বলেন, এই হ্যাকাথনে উঠে আসা বিভিন্ন  
সমাধান আগামী দিনে কাজে লাগবে।

(বাইট- তিওয়ারী)

আইআইটি খড়গপুরের উপ অধিকর্তা রিক্সু ব্যানার্জী বলেছেন, এই ‘স্মার্ট ইন্ডিয়া  
হ্যাকাথন’-এর মাধ্যমে পাওয়া সমাধানগুলি সুস্থায়ী উন্নয়নে সহায়ক হবে।

(বাইট- রিংকু ব্যানার্জী)

---

দেশে উপাসনার স্থানে আইনের অধীনে কোনও নতুন মামলা দায়ের করা যাবে না বলে সুপ্রিম কোর্ট আজ নির্দেশ দিয়েছে। এছারাও যে মামলাগুলির রায়দান এখনও স্তগিত রয়েছে, তা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোনো চূড়ান্ত আদেশ কার্যকর করা যাবে না। প্রধান বিচারপতি সঞ্জীব খানার নেতৃত্বে একটি বিশেষ বেঞ্চ, 1991 সালের আইনের বৈধতাকে চ্যালেঞ্জ করে পিটিশনের বিষয়ে কেন্দ্রীয় সরকারকে চার সপ্তাহের মধ্যে জবাব দিতে বলা হয়েছে।

আদালত জানিয়েছে, এই মুহূর্তে উপাসনা স্থল নিয়ে যত সমীক্ষা চলছে তাও স্তগিত থাকবে। নিম্ন আদালত বা হাইকোর্টও আপাতত কোনো নির্দেশ দিতে পারবেনা। উপাসনা স্থল আইন মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এই নির্দেশ কার্যকর থাকবে।

---

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা, এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

---

বিভিন্ন প্রকল্পে উপভোক্তাদের অ্যাকাউন্টে সরাসরি সুবধা হস্তান্তরের বিষয়টি সুরক্ষিত রাখতে রাজ্য অর্থ দফতর ১৬ দফা নির্দেশিকা জারি করেছে। সাম্প্রতিক ট্যাবকাণ্ড থেকে শিক্ষা নিয়ে ব্যাংক অ্যাকাউন্টে টাকা দেওয়ার আগে এবার থেকে

কাগজের নথিতে নয়, অনলাইনে ব্যাংক অ্যাকাউন্ট ঘাচাই করা হবে বলে ওই নির্দেশিকায় জানানো হয়েছে। ন্যাশনাল পেমেন্ট কর্পোরেশন এই ঘাচাইয়ের কাজ করবে।

---

বেপরোয়া বাসের রেশারেষি আটকাতে রাজ্য পরিবহণ দফতর একটি নতুন মোবাইল অ্যাপ তৈরির কথা জানিয়েছে। তথ্য-প্রযুক্তি দফতর ও রাজ্য পুলিশ যৌথভাবে এই মোবাইল অ্যাপ তৈরি করছে। সেই অ্যাপের মাধ্যমে সরকারি ও বেসরকারি বাসের যাত্রাপথের পুর্জানুপুর্জ্য তথ্য, গতিবেগ সহ যাবতীয় তথ্য পাওয়া যাবে। প্রত্যেক বাস চালককে নিজেদের মোবাইলে বাধ্যতামূলক ভাবে এই উন্নত প্রযুক্তির এই মোবাইল অ্যাপ ডাউনলোড করতে হবে। সংশ্লিষ্ট বাস চালকের নাম, ফোন নম্বর, ড্রাইভিং লাইসেন্স নম্বর সবই অ্যাপে যুক্ত করা হবে। বাসটি নির্দিষ্ট গতিবেগ অতিক্রম করলেই অ্যাপের মাধ্যমে চালকের মোবাইলে সতর্ক বার্তা পাঠানো হবে। চালক তা না মানলে বাসের মালিক এবং পরিবহণ দফতরের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকেরা বিপদ সহ্যেত পাবেন। তারপরও চালক যদি গতিবেগ নিয়ন্ত্রণ না করেন তাহলে তার লাইসেন্স বাতিল করা হবে।

---

সড়ক দুর্ঘটনায় আক্রান্তদের জন্য দেশ জুড়ে শীঘ্ৰই ‘ক্যাশলেস’ চিকিৎসার সুবিধা চালু হতে চলেছে।

আজ লোকসভায় প্রশ্নকাল চলাকালীন কেন্দ্ৰীয় সড়ক পরিবহণ মন্ত্ৰী নীতিন গড়কড়ি একথা জানিয়েছেন। তিনি বলেন, প্ৰাথমিক পৰ্যায়ে উত্তর প্ৰদেশ সহ ৬টি

রাজ্যে প্রকল্পটির সূচনা হলেও পরবর্তী কালে তা' দেশের অন্যান্য প্রান্তেও পৌঁছে দেওয়া হবে।

---

বিনা বাধায় উত্তরে হাওয়া প্রবেশ করায়, রাজ্যে তাপমাত্রার পারদ নিম্নমুখী।

পশ্চিমের জেলাগুলিতে শৈত্য প্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দণ্ড। পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান ও বীরভূমে আগামী দুদিন শৈত্য প্রবাহ চলবে। রাজ্যের বাকি অংশেও তাপমাত্রার পারদ বেশ কিছুটা নামতে পারে।

আলিপুর আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডষ্টের সোমনাথ দত্ত জানিয়েছেন, আগামী কয়েকদিন রাজ্যে শীতের আমেজ বজায় থাকবে।

### বাইট

কলকাতায় আজ মরসুমের শীতলতম দিন। সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের ২'দশমিক ৩' ডিগ্রি কমে দাঁড়িয়েছে ১৩ দশমিক ৮'ডিগ্রি সেলসিয়াসে। সর্বোচ্চ তাপমাত্রাও ২ ডিগ্রি বেশি কমে হয়েছে ২৪ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস।

---

বাংলা, মহিলাদের অনূর্ধ্ব ১৫ একদিনের ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে। জয়পুরে আজ কোয়ার্টার ফাইনালে বাংলা তিন উইকেটে কর্ণাটককে হারিয়ে শেষ আটে পৌঁছেছে। কর্ণাটক প্রথমে ব্যাট করে ৩৫ ওভারে আট উইকেটে করেছিল ১৫৪ রান। রেমন্ডিকা খাতুন তিনটি, দেবযানী দাস দুটি উইকেট নেন। বাংলা ৩৪ ওভার এক বলে সাত উইকেটে প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। সন্দীপ্তা পাত্র ৬৪ রান করেছে।

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, ওডিশা এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে ইস্টবেঙ্গল ৯ ম্যাচে সাত পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার একাদশ স্থানে আছে। অন্যদিকে ওডিশা এফ সি ১১ ম্যাচে ১৬ পয়েন্ট পেয়ে পঞ্চম স্থানে রয়েছে।

আসন্ন হকি ইন্ডিয়া লীগের সম্প্রচারের জন্য প্রসার ভারতী আজ ‘হকি ইন্ডিয়া’-র সঙ্গে একটি সমরোতা স্মারক পত্র-মৌ স্বাক্ষর করেছে। এর ফলে ২০২৪-২৫ মরশ্বমের জন্য দূরদর্শন, ‘হকি ইন্ডিয়া লীগের’ সরকারিভাবে সম্প্রচার অংশীদার হয়েছে। এমাসের ২৮ তারিখ থেকে ওডিশার রোরকেলা এবং ঝাড়খন্ডের রাঁচীতে, লীগের খেলাগুলি শুরু হচ্ছে।

‘হকি ইন্ডিয়া’-র তরফে সদস্য ভোলানাথ সিং বলেন যে, ভারত হকি শুধুমাত্র একটি খেলা নয়, দেশের একতা ও গর্বের প্রতীক।

প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত সহেগল এই মৌ-কে হকির ইতিহাসে এক মাইলফলক বলে উল্লেখ করেছেন। দূরদর্শনের হাত ধরে দেশের জাতীয় খেলা হকি, গ্রামীণ ভারতের কোনায় কোনায় পৌঁছে যাবে। প্রসার ভারতীর মুখ্য কার্যবিবৰ্ধনী আধিকারিক গৌরব দিবেদী বলেন, প্রসার ভারতীর ব্যাপক কভারেজের মাধ্যমে হকির উন্নাদন ছড়িয়ে দিতে চাইছে। মৌ সাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আকাশবাণী সংবাদের মহা নির্দেশক ডক্টর প্রজ্ঞা পালিয়াল গৌড়, দূরদর্শনের মহানির্দেশক কাঞ্চন প্রসাদ, দূরদর্শন সংবাদের মহানির্দেশক প্রিয়া কুমার প্রমুখ।